গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-২৬৬ তারিখঃ২৮ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

## পরিপত্র

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীন কার্য/পণ্য চুক্তি বাস্তবায়নকালে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৩৯(৩) ও বিধি ৪০(৩)(ক) অনুসারে যদি ক্ষতিপূরণের কোন ঘটনা (Compensation Events) ঘটে বা ভেরিয়েশন অর্ডার জারি করা হয়, তবে প্রত্যাশিত কার্য/পণ্য সরবরাহ সমাপ্তির তারিখ (Intended Completion Date) সম্প্রসারণের অনুমোদনের জন্য অত্র দপ্তরের ক্রয়কারী কার্যালয় প্রধানের ক্ষমতা নিম্নরূপভাবে পুন:অর্পন (Sub-Delegate) করা হলোঃ

| ক্রমিক নং | আইটেম | অফিসসমূহের নিকট অর্পণকৃত ক্ষমতা | |
|---|---|---|---|
| | | আঞ্চলিক অফিস (তত্ত্বাবধায়ক প্রকৌশলী) | প্রকল্প পরিচালকের অফিস (প্রকল্প পরিচালক) |
| ০১ | প্রত্যাশিত কার্য/পণ্য সরবরাহ সমাপ্তির তারিখ (Intended Completion Date) সম্প্রসারণের অনুমোদন | রাজস্ব বাজেটের অধীন ক্রয়সমূহের ক্ষেত্রে ক্রমপুঞ্জিত সময় বর্ধনের হার মূল সময়সীমার ২০% এর উর্ধ্বে এবং ১০০% পর্যন্ত। | উন্নয়ন বাজেটের অধীন ক্রয়সমূহের ক্ষেত্রে ক্রমপুঞ্জিত সময় বর্ধনের হার মূল সময়সীমার ২০% এর উর্ধ্বে এবং ১০০% পর্যন্ত তবে সর্বোচ্চ ৬ (ছয়) মাস। |

অন্যান্য ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদনের জন্য যথানিয়মে প্রস্তাব পেশ করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রত্যাশিত কার্য/পণ্য সরবরাহ সমাপ্তির তারিখ (Intended Completion Date) সম্প্রসারণের অনুমোদনের জন্য নিম্নবর্ণিত দলিল দাখিল/বিষয় সমূহ নিশ্চিত হবেনঃ

ক) সংশোধিত কর্ম পরিকল্পনা (Revised Work Plan);
খ) প্রযোজ্য ক্ষেত্রে Insurance এর মেয়াদ বৃদ্ধি;
গ) কার্যসম্পাদন জামানতের মেয়াদ বৃদ্ধি;
(ঘ) রাজস্ব বাজেটের অধিন চুক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট অর্থবছরের ৩০শে জুনের অধিক সময় পর্যন্ত সময় বৃদ্ধি করা যাবে না।
(ঙ) উন্নয়ন বাজেটের অধিন চুক্তির ক্ষেত্রে প্রকল্পের মেয়াদকালের অধিক সময় পর্যন্ত সময় বৃদ্ধি করা যাবে না।

এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন সকল ক্রয়কারীকে প্রত্যাশিত কার্য/পণ্য সরবরাহ সমাপ্তির তারিখ (Intended Completion Date) সম্প্রসারণের অনুমোদনকারী কর্তৃপক্ষ হিসেবে উপর্যুক্ত ছক অনুসরণ করার জন্য বলা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

২৮/৭/১৯

(মো: খলিলুর রহমান)
প্রধান প্রকৌশলী (চ:দা:)
ফোন: ০২-৯১২৪০২৭
ই-মেইল: ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-২৬৬/১(৭) তারিখঃ২৮ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ..........................................উইং, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ..........................বিভাগ, জেলাঃ ......................................।
৩। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, .................................. সিটি কর্পোরেশন।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ..................................................ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,......................অঞ্চল, জেলাঃ ..............................................।
৬। প্রকল্প পরিচালক, ..............................................................প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৭। মেয়র/নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, ........................................ পৌরসভা, জেলাঃ.................।
৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা:...........................................................................।
৯। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ............................উপজেলা, জেলা: ............................।

২৮/০৭/১৯

(মোঃ আবদুস সাত্তার)
নির্বাহী প্রকৌশলী
প্রকিউরমেন্ট ইউনিট
ফোনঃ ০২-৮১৮ ১১০৩
ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd

C:\Users\user\Downloads\Paripattra Letter.docx